

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা।
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-২/অডি-২১/২০০৭-১৭৬

তারিখঃ ১৫.০২.১৪২১ বঙ্গাব্দ
২৬.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ আবু জাফর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর কক্সবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় জনাব মোহাম্মদ আবু জাফর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর কক্সবাজার-কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক জনাব মোহাম্মদ আবু জাফর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর কক্সবাজার-কে সরকারি চাকুরি হতে 'বরখাস্ত (Dismissal from Service)' করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৭.০৯.২০০৫ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৬, ৫. ১৪

(এম.এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/শৃংখলা-২/অডি-২১/২০০৭-১৭৬/১ (৬)

তারিখঃ ২৬.০৫.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান কর্মস্থলে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, কক্সবাজার।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, কক্সবাজার।
- ৮। জনাব মোহাম্মদ আবু জাফর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, কক্সবাজার।


(এম কে হাসান মোর্শেদ)

সহকারী সচিব

ফোন-৯৫৪৫০২৮

Sasdisc2@mohfw.gov.bd